রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৫০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৬, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭০১—৭০৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৯৫—১৫১৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩২৩—৩২৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪৮৯—১৪৯৯ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮/২১ অক্টোবর ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০-১৪১**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ এর (৯)(১)(ক) ধারা অনুসারে জনতা ব্যাংক লিমিটেড এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (ডিএমডি) জনাব মোঃ জসীম উদ্দিন-কে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০-১৪২**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ এর (৯)(১)(ক) ধারা অনুসারে জনতা ব্যাংক লিমিটেড এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (ডিএমডি) জনাব মোঃ জসীম উদ্দিন-কে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস]**

**বিশেষ আদেশ**

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ /২১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০২৫/২০২১/কাস্টমস ২৮৬**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ পর্যটন করপোরেশন এর (বন্ড লাইসেন্স নং-৫০৫/কাস-পিবিডব্লিউ/৮৫, তারিখ : ০২-১১-১৯৮৫ খ্রিঃ) এবং বন্ড লাইসেন্স নং-২২/কাস-এসবিডব্লিউ/৮২, তারিখ : ২৫-১১-১৯৮২ খ্রিঃ এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো :

| ক্র. নং | বন্ড লাইসেন্স নং ও তারিখ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১। | ২২/কাস-এসবিডব্লিউ/৮২, তারিখ : ২৫-১১-১৯৮২ খ্রিঃ | ৩,৫০,০০০.০০ |
| ০২। | ৫০৫/কাস-এসবিডব্লিউ/ ৮৫, তারিখ : ০২-১১-১৯৮৫ খ্রিঃ | ৯৫,২১৬.৩৯ |
| | মোট | ৪,৪৫,২১৬.৩৯ (চার লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত ষোলো দশমিক তিন নয় মাত্র) |

**শর্ত**

(ক) পণ্য ইন্টু বন্ড ও এক্স বন্ড যাতে সুষ্ঠুভাবে হয়, সে লক্ষ্যে প্রতিটি ইন্টু বন্ড ও এক্স বন্ড সম্পন্নের পর দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তার সমন্বয়ে যৌথ স্বাক্ষরিত প্রতিবেদন বন্ড কমিশনারেট, ঢাকায় সংশ্লিষ্ট সহকারী কমিশনার কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণ করবেন।

(খ) প্রত্যেক বিক্রয়ের বিপরীতে ইনভয়েসে বন্ড অফিসারের স্বাক্ষরসহ সীল এবং প্রতিষ্ঠান ইনচার্জের সীল স্বাক্ষর যথাযথভাবে প্রদান করতে হবে।

(গ) প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স প্রদানের পর হতে নিরীক্ষা/ অডিট অনিস্পন্ন রয়েছে বিধায় দ্রুততম সময়ের মধ্যে নিরীক্ষা কার্যক্রম হালনাগাদ করতে হবে।

(ঘ) কমিটির প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানটির বন্ড রেজিস্টারে ২,৫৪,৭৮৩.৬১ মার্কিন ডলার মূল্যের পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ মজুদ আছে বিধায় উক্ত পণ্যের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট কমিশনার বরাবর আবেদন করবেন।

(ঙ) উপযুক্ত আমদানি প্রাপ্যতা কনজিউম করার পূর্বে ২০২১-২২ অর্থ বছরের জন্য আমদানি প্রাপ্যতার আবেদন করা যাবে না। তবে, উক্ত আমদানি প্রাপ্যতা কনজিউম করা হলে উপ-অনুচ্ছেদ-ঘ এ উল্লিখিত পরিমাণ পণ্য শর্ত পালন সাপেক্ষে ২০২১-২২ অর্থ বছরের জন্য আমদানি প্রাপ্যতা হিসেবে প্রদান করা যাবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৮/১১ অক্টোবর ২০২১

নং **২৫.০০.০০০০.০১৮.২৭.০১৮.১৮-২৭৫**—যেহেতু, জনাব পংকজ কান্তি দাশ, সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় ব্যক্তিগত উদ্যোগে যুক্তরাষ্ট্রে অধ্যায়নের জন্য ০৫-১২-২০১৫ হতে ১৪-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরকৃত ছুটির মেয়াদ শেষ হওয়ার পর ১৩-০২-২০১৮ তারিখ পুনরায় ০১ (এক) বছরের ছুটি বৃদ্ধির আবেদন করেন যা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয়নি। মঞ্জুরকৃত শিক্ষা ছুটির মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরও কর্মস্থলে যোগদান না করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর উপবিধি (গ) মোতাবেক "ডিজারশন" বা "পলায়ন" এর অভিযোগে ১৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭-১২-২০১৮ তারিখের ২৫.০০. ০০০০.০১৮.২৭.০১৮.১৮-৩৯৫ নম্বর স্মারকে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

০২। যেহেতু, আপনি অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব তারিক হাসানকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "ডিজারশন" বা "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে ০২-০৯-২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেন। অতঃপর, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি ৮ অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের

জবাব দাখিল করেন নি। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর প্রবিধান ৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশন-কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন "ডিজারশন" বা "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় "চাকুরী হতে বরখাস্ত" গুরুদণ্ড আরোপে কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

০৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী জনাব পংকজ কান্তি দাশ-কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব পংকজ কান্তি দাশ-কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

০৪। সেহেতু, জনাব পংকজ কান্তি দাশ, সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা'কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী "ডিজারশন" বা "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ ভাদ্র ১৪২৮/৩১ আগস্ট ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৪১.০০১.১৮-১৫০**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে বরিশাল মহানগরীতে প্রতিষ্ঠিত 'আবদুর রব সেরনিয়াবাত কলেজ' গত ২৬ আগস্ট ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**আদেশাবলি**

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০১৫.২০২০-৮৮**—যেহেতু, আপনি জনাব মোঃ রেজাউল করিম (পিএন-৫৬২১), সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইল হিসেবে গত ২৫-০৬-২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মরত আছেন;

যেহেতু, আপনি সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইল (ক্রয় ও স্টোর) পদে কর্মরত থাকাকালে ২০১৯-২০২০ অর্থ বছরে কোটেশনের মাধ্যমে মালামাল ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন মালামালের মূল্য বেশী দেখিয়েছেন এবং বর্ণিত প্রতিষ্ঠানের কোনো ভাউচার সংরক্ষণ করেননি;

যেহেতু, আপনি বিগত অর্থ বছরের বকেয়া বিলের হিসা সংরক্ষণ করেননি এবং বিলগুলো সঠিক সময়ে পরিশোধের উদ্যোগ গ্রহণ করেননি;

যেহেতু, আপনি পিপিআর-২০০৮ অনুযায়ী তালিকাভুক্ত ঠিকাদারদের মাধ্যমে পণ্য ক্রয়ের নির্দেশনা থাকা সত্ত্বেও ঠিকাদারদের তালিকাভুক্ত করার কোনো উদ্যোগ গ্রহণ করেননি;

যেহেতু, আপনি বিধিবহির্ভূতভাবে ২০১৯-২০২০ অর্থ বছরে ক্রয় পরিকল্পনায় মহাপরিচালক কর্তৃক অনুমোদনের অতিরিক্ত কোটেশনের কার্যক্রম গ্রহণ করেছেন;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা ১৩/২০২০ রুজুপূর্বক এ বিভাগের ২৩-১২-২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০১৫.২০২০.১০১ নম্বর স্মারকমূলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে ০২-০২-২০২১ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং গত ০৮-০৬-২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২)(ঘ) বিধিমতে তদন্তের জন্য জনাব নাসরিন জাহান, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ৩০-০৯-২০২১ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, ১৩/২০২০ নং বিভাগীয় মামলায় জনাব মোঃ রেজাউল করিম (পিএন-৫৬২১), সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রাথমিক তদন্ত প্রতিবেদন, অভিযোগ বিবরণী,

অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি ও তদন্ত প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

সেহেতু, আপনি জনাব মোঃ রেজাউল করিম (পিএন-৫৬২১), সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (২) এর (ঘ) বিধি মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৪.২০১৯-৮৯**—যেহেতু, আপনি জনাব নাসরিন পারভীন নুপুর, সহকারী পরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, প্রধান কার্যালয়, ঢাকা হিসেবে গত ০৮-০৬-১৫ খ্রিঃ হতে ২০-১১-২০ খ্রিঃ পর্যন্ত কর্মরত ছিলেন।

যেহেতু, আপনি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকায় দায়িত্ব পালনকালীন পাসপোর্ট আবেদনপত্রের সাথে দাখিলকৃত জাল ও ভূয়া এনওসি সম্বলিত ০৫ (পাঁচ)টি পাসপোর্ট আবেদনপত্র জমা গ্রহণ করেছেন;

যেহেতু, উক্ত অফিসে কর্মকালীন সময়ে পাসপোর্ট আবেদনপত্র সমূহের সাথে দাখিলকৃত ভূয়া ও জাল এনওসিগুলোকে সঠিক হিসেবে বিবেচনা করে উক্ত পাসপোর্ট আবেদনপত্রসমূহে প্রতিস্বাক্ষরপূর্বক নথি উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেছেন;

যেহেতু, আপনি অবৈধভাবে লাভ ও লোভের বশবর্তী হয়ে একাধিক পাসপোর্ট আবেদনকারীকে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত দেখিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তার নাম ও পদবি ব্যবহার করে তাদের স্বাক্ষর জাল করে বিভিন্ন পাসপোর্টকে অফিসিয়াল পাসপোর্টে রূপান্তরিত করে সরকারের ১,৬৮,৩০০/- টাকা ক্ষতিসাধন করেছেন;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' গণ্য বিধায় বিভাগীয় মামলা ০৪/২০২০/পাসপোর্ট রুজুপূর্বক এ বিভাগের ০৮-০১-২০২০ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৪.১৯.০৬/১ নম্বর স্মারকমূলে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে ০৬-০২-২০২০ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানো জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু, গত ১২-১১-২০২০ খ্রিঃ তারিখে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২)(ঘ) বিধিমতে তদন্তের জন্য মোহাম্মদ মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৯-০৭-২০২১ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় জনাব নাসরিন পারভীন নুপুর, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, দাখিলকৃত জবাব ব্যক্তিগত শুনানি ও তদন্ত প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনায় জনাব নাসরিন পারভীন নুপুর, সহকারী পরিচালক (বর্তমানে খুলনা বিভাগীয় পাসপোর্ট অফিসে কর্মরত) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত;

সেহেতু, আপনি জনাব নাসরিন পারভীন নুপুর, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (ঘ) বিধি মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**শৃঙ্খলা শাখা-০১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/১৭ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৫.১৮-১৫৩**—যেহেতু, জনাব দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক (চলতি দায়িত্ব), কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা অধীনস্থ কর্মকর্তা/ কর্মচারীগণের সাথে দুর্ব্যবহারের বিষয়টি তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৬/২০১৮ রুজুপূর্বক এ বিভাগের ১২-০৯-২০১৮ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৫.১৮.৫৭ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তিনি গত ১৪-১০-২০১৮ তারিখে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য অনুরোধ করেন;

যেহেতু, গত ০৮-০৫-২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক (চলতি দায়িত্ব) এর বক্তব্য পর্যালোচনা করে জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৯-০৫-২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক (চলতি দায়িত্ব) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলায় তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, জনাব দুলাল কৃষ্ণ সাহা কর্তৃক দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি ও ইত্যাদি পর্যালোচনায় জনাব দুলাল কৃষ্ণ সাহা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' অভিযোগ প্রমাণিত;

সেহেতু, জনাব দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক (চলতি দায়িত্ব), কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা-কে উক্ত অপরাধের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**সমবায় প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৮/২৫ অক্টোবর ২০২১

নং **৪৭.৬১.০০০০.০৩২.০৬.০৮৬.১৬-৪৮১**—করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক জনস্বার্থে খুলনা জেলাধীন পাইকগাছা উপজেলার ষোলআনা ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর বর্তমান ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে একই আইনের ১৮(৫) ধারার বাধ্যবাধকতা হতে কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ থেকে ৬০ (ষাট) দিনের জন্য অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিদ্ধার্থ শংকর কুন্ডু**
উপসচিব।

**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ কার্তিক ১৪২৮/১৮ অক্টোবর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-২১৯০**—ময়মনসিংহ, গাইবান্ধা, নড়াইল ও নওগাঁ জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব তাজুল ইসলাম বাবলু, সদস্য, ওয়ার্ড নং-০৮, জেলা পরিষদ, ময়মনসিংহ। | ১২ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব এ.এফ.এম আনজুনুর জামান বকসী ডিজু, সদস্য, ওয়ার্ড নং-০৪, জেলা পরিষদ, গাইবান্ধা। | ১৩ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ শরিফুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-০৭, জেলা পরিষদ, নড়াইল। | ১৪ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব মোঃ সহিদুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, নওগাঁ। | ১৪ অক্টোবর ২০২১ |
| ৫. | জনাব মোঃ আব্দুল মান্নান, সদস্য, ওয়ার্ড নং-১৪, জেলা পরিষদ, নওগাঁ। | ১৪ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী ময়মনসিংহ জেলা পরিষদের ০৮ নং ওয়ার্ড, গাইবান্ধা জেলা পরিষদের ০৪নং ওয়ার্ড, নড়াইল জেলা পরিষদের ০৭নং ওয়ার্ড ও নওগাঁ জেলা পরিষদের ১০ ও ১৪ নং ওয়ার্ডের সদস্য পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

নং **৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭-২১৮৯**—ঠাকুরগাঁও, নরসিংদী, নীলফামারী, নড়াইল ও চাঁদপুর জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল কাশেম, সদস্য, ওয়ার্ড নং-০২, জেলা পরিষদ, ঠাকুরগাঁও। | ১২ অক্টোবর ২০২১ |

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ২. | জনাব রাজিব আহমেদ, সদস্য, ওয়ার্ড নং-১৪, জেলা পরিষদ, নরসিংদী । | ১৩ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ মাহবুব জর্জ, সদস্য, ওয়ার্ড নং-০৮, জেলা পরিষদ, নীলফামারী। | ১৪ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব মোঃ সাইফুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-০৬, জেলা পরিষদ, নড়াইল। | ১৩ অক্টোবর ২০২১ |
| ৫. | জনাব মোঃ নূরুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-০৪, জেলা পরিষদ, চাঁদপুর। | ১২ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী ঠাকুরগাঁও জেলা পরিষদের ০২ নং ওয়ার্ড, নরসিংদী জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড, নীলফামারী জেলা পরিষদের ০৮নং ওয়ার্ড ও নড়াইল জেলা পরিষদের ০৬ ওয়ার্ড এবং চাঁদপুর জেলা পরিষদের ০৪ নং ওয়ার্ডের সদস্য পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(২)-২১৯২**—শরীয়তপুর জেলা পরিষদের ০৫নং ওয়ার্ড (সংরক্ষিত মহিলা আসন) এর নিম্নবর্ণিত সদস্য স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁর পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব আসমা আক্তার, সংরক্ষিত মহিলা আসনের সদস্য, ওয়ার্ড নং-০৫, জেলা পরিষদ, শরীয়তপুর। | ১১ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী শরীয়তপুর জেলা পরিষদের ০৫ নং ওয়ার্ড, (সংরক্ষিত মহিলা আসন) সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮/২১ অক্টোবর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯.২২১১**—শেরপুর, রাজশাহী, ময়মনসিংহ ও কক্সবাজার জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হাফিজুর রহমান খোকন, সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, শেরপুর। | ১৭ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ আব্দুস সালাম, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, রাজশাহী। | ১২ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ রুহুল আমিন, সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, ময়মনসিংহ। | ১৪ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব শামসুল আলম, সদস্য, ওয়ার্ড নং-১২, জেলা পরিষদ, কক্সবাজার। | ১১ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী শেরপুর জেলা পরিষদের ০৯ নং ওয়ার্ড, রাজশাহী জেলা পরিষদের ০১নং ওয়ার্ড, ময়মনসিংহ জেলা পরিষদের ০৯নং ওয়ার্ড এবং কক্সবাজার জেলা পরিষদের ১২ নং ওয়ার্ডের সদস্য পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(২)-২২১২**—ঝিনাইদহ, চাঁপাইনবাবগঞ্জ, কিশোরগঞ্জ এবং লালমনিরহাট জেলা পরিষদের নিম্নবর্ণিত ০৪ (চার) জন সদস্য স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব শামীম আরা হ্যাপি, সদস্য, ৪নং (সংরক্ষিত আসন) জেলা পরিষদ, ঝিনাইদহ। | ১৭ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ মোস্তাকুল ইলাম, সদস্য, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। | ১৪ অক্টোবর ২০২১ |
| ৩. | এ. কে. মাইনুজ্জামান নবাব, সদস্য, ওয়ার্ড নং-০৬, জেলা পরিষদ, কিশোরগঞ্জ। | ১৩ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব মোঃ আব্দুস সোহরাব, সদস্য, ওয়ার্ড নং-১২, জেলা পরিষদ, লালমনিরহাট। | ১১ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী ঝিনাইদহ জেলা পরিষদের ০৪ নং (সংরক্ষিত আসন), চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের ১০ নং ওয়ার্ড, কিশোরগঞ্জ জেলা পরিষদের ০৬ নং ওয়ার্ড এবং লালমনিরহাট জেলা পরিষদের ১২ নং ওয়ার্ডের সদস্য পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতি আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৮/১৪ অক্টোবর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.৯৯.০৬৪.২০১৭-২১৭৪**—শেরপুর, নাটোর ও বগুড়া জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব এস.এম. সাব্বির আহম্মেদ, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, শেরপুর। | ১২ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ, নাটোর। | ০৫ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ রেজাউল করিম মন্টু, সদস্য, ওয়ার্ড নং-০৭, জেলা পরিষদ, বগুড়া। | ৩০ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী শেরপুর জেলা পরিষদের ০১ নং ওয়ার্ড, নাটোর জেলা পরিষদের ১১ নং ওয়ার্ড এবং বগুড়া জেলা পরিষদের ০৭নং ওয়ার্ডের সদস্য পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতি আদেশক্রমে

**এ কে এম মিজানুর রহমান**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**চিকিৎসা শিক্ষা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/২৫ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৯.০০.০০০০.১৪১.০৬.০০১.২১.৭৪৩**—গত ০৮-১১-২০২১ খ্রিঃ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩ ও বোর্ড রেগুলেশন-১৯৮৫" এর বিধি-বিধান অনুসরণ করার শর্তে বেসরকারি নাঙ্গলকোট হাজী বাদশা-আমেনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা এর প্রাথমিক অনুমোদন প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল আলম**
উপসচিব।